

আপনার অধিকার জানুন: অভিবাসীদের অধিকার

New Jersey-তে বসবাসকারী বা পরিদর্শনকারী প্রত্যেক ব্যক্তির নাগরিকত্ব বা অভিবাসন অবস্থা নির্বিশেষে অধিকার রয়েছে। নিম্নলিখিত তথ্যটি আপনাকে অভিবাসন কার্যক্রম পরিচালনাকারী কর্মকর্তাদের, মূলত ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) অথবা ইউ.এস. কাস্টমস অ্যান্ড বর্ডার প্রটেকশন (U.S. Customs and Border Protection, CBP) কর্মকর্তাদের সাথে যোগাযোগের সময় আপনার অধিকার এবং দায়িত্ব বুঝতে সহায়তা করার জন্য ডিজাইন করা হয়েছে।

অনুগ্রহ করে মনে রাখবেন ICE কোনো ধরনের ওয়ারেন্ট ছাড়াই যেকোনো পাবলিক স্পেসে প্রবেশ করতে পারে। পাবলিক স্পেসে মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: কর্মস্থলের নির্দিষ্ট এলাকা, অফিসের লবি,

আপনি যদি কোনো পাবলিক স্পেসে কোনো ইমিগ্রেশন এজেন্ট বা অন্য আইন প্রয়োগকারীর মুখোমুখি হন:

- আপনি তাদের ব্যাজ/পরিচয় দেখতে চাইতে পারেন। অফিসার একজন অভিবাসন এজেন্ট কিনা আপনি যদি নিশ্চিত না হন, তাহলে আপনি জিজ্ঞাসা করতে পারেন তারা কোন সংস্থার প্রতিনিধিত্ব করে এবং বিশেষ করে তারা যদি ফেডারেল ইমিগ্রেশন এজেন্ট হয়।
- আপনি জিজ্ঞাসা করতে পারেন যে আপনি চলে যাওয়ার ব্যাপারে স্বাধীন কিনা।
- আপনার নীরব থাকার অধিকার আছে এবং আপনাকে প্রশ্নের উত্তর দিতে হবে না। আপনি অভিবাসন এজেন্টকে বলতে পারেন যে আপনি নীরব থাকতে পছন্দ করেন।
- আপনি যদি মার্কিন নাগরিক না হন এবং একজন অভিবাসন এজেন্ট আপনার অভিবাসন বিষয়ক কাগজপত্রের জন্য অনুরোধ করেন, আপনার কাছে সেগুলি থাকলে আপনাকে অবশ্যই দেখাতে হবে। যদি আপনার কাছে সাক্ষাতের মুহূর্তে কোনো ডকুমেন্ট না থাকে, তবে আপনি এজেন্টকে বলতে পারেন যে আপনি নীরব থাকতে চান অথবা যে আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার আগে একজন আইনজীবীর সাথে পরামর্শ করতে চান।
 - আপনার সাথে সব সময় বৈধ মার্কিন সরকারী পরিচয়পত্র বহন করুন।
 - যদি আপনার কাছে অভিবাসন বিষয়ক ডকুমেন্ট থাকে, তবে আপনার বৈধ অভিবাসন বিষয়ক কাগজপত্র, আপনার এমপ্লয়মেন্ট অথোরাইজেশন কার্ড, এবং আপনার I-94 ও নোটিশেস টু এপিয়ার-এর কপি সব সময় আপনার সাথে বহন করুন।
 - বিদেশী ডকুমেন্টগুলি সব সময় নিরাপদে বাড়িতেই রেখে দেওয়া উচিত।
 - মিথ্যা বা জাল নথি বহন করবেন না এবং পুলিশ অফিসার বা অভিবাসন এজেন্টকে কখনও মিথ্যা বা জালিয়াতিমূলক নথি প্রদান করবেন না।
- যদি একজন অভিবাসন এজেন্ট আপনাকে অনুসন্ধান করতে পারবে কি না তা জানতে চান, তবে আপনার "না" বলার অধিকার রয়েছে। এজেন্টদের সাধারণত আপনার সম্মতি, বৈধ ওয়ারেন্ট, অথবা সম্ভাব্য কারণ ছাড়া আপনাকে বা আপনার সম্পত্তি অনুসন্ধান করার অধিকার নেই। যাইহোক, যদি কোন অফিসার বা এজেন্ট আপনাকে তল্লাশি করে তবে প্রতিরোধ করবেন না। আপনি তাদের বলতে পারেন: "আমি অনুসন্ধানে সম্মত নই। আমি চুপ থাকতে চাই। আমি যত তাড়াতাড়ি সম্ভব একজন অ্যাটর্নির সাথে কথা বলতে চাই।"
- তারা আপনার ভাষায় কথা না বললে আপনি একজন দোভাষী চাইতে পারেন।

যদি অভিবাসন এজেন্ট আপনার বাড়িতে আসে:

- আপনি তাদের ব্যাজ/পরিচয় দেখতে চাইতে পারেন। অফিসার একজন অভিবাসন এজেন্ট কিনা আপনি যদি নিশ্চিত না হন, তাহলে আপনি জিজ্ঞাসা করতে পারেন তারা কোন সংস্থার প্রতিনিধিত্ব করে এবং বিশেষ করে তারা যদি অভিবাসন এজেন্ট হয়।
- আপনি অফিসার বা এজেন্টদের জিজ্ঞাসা করতে পারেন কেন তারা সেখানে এসেছেন।
- তাদের প্রবেশের জন্য একটি বৈধ ওয়ারেন্ট থাকতে হবে। যদি তারা একটি ওয়ারেন্ট দেখাতে না পারে, তবে সাধারণত আপনাকে আপনার দরজা খুলতে হবে না।
 - যদি অফিসার বা এজেন্টরা বলে যে তাদের কাছে একটি ওয়ারেন্ট আছে, আপনি তাদের ভিতরে যাওয়ার আগে এটি দেখতে চাইতে পারেন (উদাহরণস্বরূপ, একটি জানালা দিয়ে বা দরজার নীচে দিয়ে)।
 - যদি ওয়ারেন্টটি একটি আদালত দ্বারা জারি করা হয় এবং বিচারক দ্বারা স্বাক্ষরিত হয় এবং তাতে "U.S. District Court (ইউ.এস. ডিসট্রিক্ট কোর্ট)" লেখা থাকে অথবা উপর দিকে একটি রাজ্য আদালতের পরিচয় থাকে, তবে কর্মকর্তা বা এজেন্ট আপনার বাড়িতে প্রবেশ করতে পারেন। যদি নথিতে একজন বিচারকের স্বাক্ষর না থাকে, তাহলে আপনাকে তাদের ভিতরে যেতে দিতে হবে না। আপনি বলতে পারেন: "আপনার প্রবেশ করার অনুমতি নেই।"
 - একটি প্রশাসনিক ওয়ারেন্ট একাই এজেন্টদের আপনার অনুমতি ছাড়া ব্যক্তিগত এলাকায় প্রবেশ করার অনুমতি দেয় না। প্রশাসনিক ওয়ারেন্ট কোন আদালত থেকে হয় না। প্রশাসনিক ওয়ারেন্টে "Department of Homeland Security (ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি)" লেখা থাকে এবং এটি ফর্ম I-200 অথবা I-205-এ থাকে।
 - অভিবাসন এজেন্টদের জরুরী পরিস্থিতিতে আপনার অনুমতি ছাড়া প্রবেশ করার অনুমতি দেওয়া হয়, যেমন জননিরাপত্তার জন্য হুমকি বা কারো জীবনের জন্য হুমকি। তবে, আপনার এখনও নীরব থাকার এবং ঘটনার ডকুমেন্টেশন করার, সহ রেকর্ডিং করার অধিকার রয়েছে (যতক্ষণ না আপনি তাদের আইনপ্রয়োগ কার্যক্রমে হস্তক্ষেপ করেন)।
- যদি অফিসার বা এজেন্টরা আপনার বাড়িতে জোর করে প্রবেশ করে, তাহলে প্রতিরোধ করবেন না। আপনি তাদের বলতে পারেন: "আপনার প্রবেশ করার অনুমতি নেই।" আমি অনুসন্ধানে সম্মত নই। আমি চুপ থাকতে চাই। আমি যত তাড়াতাড়ি সম্ভব একজন অ্যাটর্নির সাথে কথা বলতে চাই।"
- তারা আপনার ভাষায় কথা না বললে আপনি একজন দোভাষী চাইতে পারেন।

যদি আপনি আটক হন:

- গ্রেফতার প্রতিহত করার চেষ্টা করবেন না।
- একজন অ্যাটর্নির সাথে কথা বলার জন্য অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনি একটি ভাল আইনি পরিষেবা প্রদানকারী খুঁজে পেতে পারেন [এখানে](#)।
- আপনার অ্যাটর্নির সাথে কথা বলার আগে আপনাকে কিছু বলতে হবে না, কোনো প্রশ্নের উত্তর দিতে হবে না, কোনো সিদ্ধান্ত নিতে হবে না বা কোনো নথিতে স্বাক্ষর করতে হবে না।
- আপনার একটি দোভাষীর অনুরোধ করার অধিকার আছে।
- আপনি যদি এটি সম্পূর্ণরূপে বুঝতে না পারেন তবে কেউ আপনাকে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে বা একটি নথিতে স্বাক্ষর করতে বাধ্য করতে পারবে না।
- আপনি যদি নিশ্চিত না হন যে আপনার প্রিয়জনকে কোথায় আটক করা হয়েছে, আপনি [ICE detainee locator](#) (ICE বন্দী খোঁজকারী) ব্যবহার করতে পারেন।

NJ অভিবাসী ট্রাস্ট নির্দেশিকা:

- New Jersey অভিবাসী ট্রাস্ট নির্দেশিকা New Jersey'র –রাজ্য, কাউন্টি এবং স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের–ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষকে যে ধরনের স্বেচ্ছাসেবী সহায়তা প্রদান করতে পারে, তা সীমাবদ্ধ করে।
- New Jersey আইন প্রয়োগকারী কর্মকর্তারা সাধারণত অভিবাসন অবস্থার উপর ভিত্তি করে কোনো ব্যক্তিকে থামাতে, প্রশ্ন করতে, গ্রেপ্তার, অনুসন্ধান বা আটক করতে পারে না।
- তারা এছাড়াও কোনো ব্যক্তির অভিবাসন অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন না এবং সাধারণত তারা নাগরিক অভিবাসন আইন প্রয়োগ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন না।
- অভিবাসী ট্রাস্ট নির্দেশিকায় কিছু ব্যতিক্রম এবং বর্জন রয়েছে। উদাহরণস্বরূপ, এটি New Jersey'র আইন প্রয়োগকারী কর্মকর্তাদের New Jersey'র অপরাধমূলক আইন প্রয়োগ করতে বা বৈধ বিচারিক ওয়ারেন্ট বা অন্যান্য আদালতের আদেশ মেনে চলতে নিষিদ্ধ বা সীমাবদ্ধ করে না।
- অভিবাসী ট্রাস্ট নির্দেশিকা সম্পর্কে তথ্য উপলব্ধ এই ঠিকানায়, <https://www.njoag.gov/trust/>
- নির্দেশের সম্ভাব্য লঙ্ঘনের রিপোর্ট করতে, সংশ্লিষ্ট পুলিশ বিভাগ বা কাউন্টি প্রসিকিউটরের অফিসে যোগাযোগ করুন।

প্রতারণার শিকার হওয়ার বিষয়ে সচেতন হোন

"অভিবাসন পরামর্শদাতা", "নোটারিওস" বা "অ্যাটর্নি" হওয়ার ভান করে অসাধু ব্যক্তির মিথ্যা দাবি করে যে তারা সীমিত ইংরেজি দক্ষতার লক্ষ্যবস্তু অভিবাসীদের অভিবাসন পরিষেবা প্রদান করতে পারে। শুধুমাত্র অ্যাটর্নি এবং USCIS দ্বারা অনুমোদিত স্বীকৃত প্রতিনিধিরা বৈধ ডকুমেন্ট যেমন অভিবাসন ফর্ম প্রস্তুত করতে, আইনগত বিষয় নিয়ে পরামর্শ দিতে, বা একটি আইনি কার্যক্রমে ক্লায়েন্টদের প্রতিনিধিত্ব করতে অনুমোদিত।

- আইন অনুশীলন করার জন্য একজন অ্যাটর্নিকে অবশ্যই বৈধ লাইসেন্স থাকতে হবে। বেশিরভাগ রাজ্যে জনসাধারণের [অনুসন্ধানযোগ্য ডাটাবেস](#) রয়েছে, লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নিদের জন্য।
- একটি স্বীকৃত প্রতিনিধির যেকোনো অভিবাসন মামলায় মানুষকে সাহায্য করতে মার্কিন সরকারের প্রশিক্ষণ এবং অনুমোদন থাকতে হবে। আপনি সরকারের অনুমোদিত প্রতিনিধিদের [তালিকায়](#) সংস্থা এবং ব্যক্তিকে খুঁজে দেখতে পারেন।

প্রশ্ন জিজ্ঞাসা করুন নির্দিধায়। আপনি একজন অ্যাটর্নি বা স্বীকৃত প্রতিনিধিকে তাদের প্রশিক্ষণ, অভিজ্ঞতা এবং সার্টিফিকেট সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন। আপনি আপনার মামলার অবস্থা এবং সময়সীমা, যেকোন নথি বা রেকর্ডের পূর্ণাঙ্গ অনুলিপি, পরিষেবাগুলি ব্যাখ্যা করার জন্য একটি লিখিত চুক্তি, এবং অন্যান্য যেকোনো প্রয়োজনীয় তথ্য যা আপনি পেতে চান বা জানতে চান তা জিজ্ঞাসা করতে পারেন।

অভিবাসন স্ক্যাম রিপোর্ট করতে, অনুগ্রহ করে নিউ জার্সি ডিভিশন অফ কনজিউমার অ্যাফেয়ার্স (New Jersey Division of Consumer Affairs, DCA)–এর সাথে যোগাযোগ করুন: 1-800-242-5846 (New Jersey'র মধ্যে টোল-ফ্রি)। NJ DCA সকল মানুষের কাছ থেকে রিপোর্ট গ্রহণ করে, তা তাদের নাগরিকত্ব বা অভিবাসন স্থিতি যাই হোক না কেন। DCA–এর কর্মীরা নাগরিকত্ব বা অভিবাসন স্থিতি সম্পর্কে কোনো প্রশ্ন করেন না।

এই পৃষ্ঠা চালু করুন

অতিরিক্ত সংস্থান:

- নতুন আমেরিকানদের আইনি সেবা প্রোগ্রামের অফিস (Office of New American's Legal Services Programs)
- আপনি যদি নিশ্চিত না হন যে আপনার পরিচিত কাউকে কোথায় আটক করা হয়েছে কিনা এবং কোথায়, আপনি ICE detainee locator (ICE বন্দী খোঁজকারী) ব্যবহার করতে পারেন।
- প্রো-বোনা আইনি পরিশেবা প্রদানকারী



আরও তথ্যের জন্য:



এই ফ্যাক্ট শিট শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান করে। এই তথ্য পত্রটি আইনি পরামর্শ প্রদান করে না এবং আইনি সহায়তার বিকল্প নয়। একেক জনের অবস্থা একেক রকম। আপনার পরিস্থিতির জন্য আইনি পরামর্শের জন্য অনুগ্রহ করে একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন।

